



## ইনস্টিটিউট অফ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS)

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২।

### জানুয়ারি-জুন/২০১৭ সেমিস্টারে MBA in Agribusiness কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের আওতাধীন ইনস্টিটিউট অফ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS)-এ জানুয়ারি-জুন/২০১৭ সেমিস্টারে পূর্ণকালীন MBA in Agribusiness কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যোগ্য প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদান করা হলো :

<b>ডিগ্রী: MBA in Agribusiness</b>	
সময়কাল:	দুই বছর (ইন্টারনশীপ/থিসিস সেমিস্টার সহ চার সেমিস্টার)
ক্রেডিট:	৬৪

#### ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা :

- প্রার্থীদেরকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কৃষি বিজ্ঞানে অথবা এর সমমানের কমপক্ষে ৪ (চার) বৎসরের ডিগ্রী থাকতে হবে।
- ক্রেডিট কোর্স পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদেরকে জিপিএ ৪.০ এর মধ্যে কমপক্ষে ৩.০ অথবা ৫.০ এর মধ্যে কমপক্ষে ৪.০ থাকতে হবে। পুরাতন পদ্ধতিতে পাশকৃত প্রার্থীদের এসএসসি থেকে স্নাতক/স্নাতকোত্তর বা সমতুল্য পরীক্ষা সমূহের মধ্যে সব পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী থাকতে হবে।

#### অন্যান্য তথ্যাদি:

- পূর্বলী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চক্র শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ থেকে টাকা ৫০০.০০ (পাঁচ শত) মাত্র প্রদান পূর্বক ভর্তির জন্য নির্ধারিত আবেদনপত্র আগামী ০৪ ডিসেম্বর ২০১৬ থেকে ২৯ ডিসেম্বর ২০১৬ পর্যন্ত সংগ্রহ করা যাবে। সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ২৯ ডিসেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে IADS অফিসে জমা দিতে হবে।
- আবেদনপত্রের সাথে সত্যায়িত সকল পরীক্ষার সার্টিফিকেট, মার্কশিট এবং ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি সংযোজন করতে হবে। সদ্য অনার্স ফাইনাল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে প্রতিশ্রুত সার্টিফিকেট গ্রহণযোগ্য।
- ভর্তি পরীক্ষা নৈর্ব্যক্তিক (Language and Communication, Mathematics & Analytical Ability) এবং রচনামূলক (Essay writing & Interpretation skill) এই দুই ভাগে বিভক্ত থাকবে।
- উত্তীর্ণ প্রার্থীগণ নিম্নবর্ণিত তারিখ ও সময় অনুযায়ী ভর্তি ফি পূর্বলী ব্যাংক লিঃ, বিশ্ববিদ্যালয় চক্র শাখা, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-এ ইনস্টিটিউট অফ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS) অ্যাকাউন্টে জমা দিয়ে IADS অফিসে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবেন।
- চাকরির প্রার্থীদেরকে নিজ নিজ নিয়োগকর্তার নিকট থেকে “অধ্যয়নকালীন সময়ে ক্লাসে যোগদান এবং শিক্ষা কার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য চার সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ২৪ মাসের ছুটি প্রদান করা হবে”- এই মর্মে প্রত্যয়নপত্র/অফিস আদেশ সংযোজন করতে হবে। ভর্তির তারিখ হতে তিন মাসের মধ্যে ছুটির চূড়ান্ত কাগজপত্র জমা দিতে হবে, অন্যথায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- অন্যান্য বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অবশ্যই মাইগ্রেশন সার্টিফিকেট সংযোজন করতে হবে।
- শিক্ষাদান ও গবেষণার সুযোগ সুবিধাদির নিরিখে পরিচালক, ইনস্টিটিউট অফ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS) ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়টি নির্ধারণ করবেন এবং এ বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে অগ্রাধিকার প্রদান পূর্বক ছাত্র-ছাত্রী ভর্তির সংখ্যাও নিরূপণ করবেন।
- ভর্তির ফলাফল ইনস্টিটিউট অফ এগ্রিবিজনেস এন্ড ডেভেলপমেন্ট স্টাডিজ (IADS)-এর নোটিশ বোর্ড এবং অন্যান্য তথ্যাদি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ওয়েবসাইট ([www.bau.edu.bd/dept/iads](http://www.bau.edu.bd/dept/iads))-এ প্রকাশ করা হবে।
- বিস্তারিত নিয়মাবলী ও ভর্তি প্রক্রিয়া সংক্রান্ত তথ্যাদি প্রসপেক্টাস এবং [www.bau.edu.bd/dept/iads](http://www.bau.edu.bd/dept/iads) ওয়েবসাইটে পাওয়া যাবে। (প্রয়োজনে: 01913-20 97 72, 01723-94 77 55)।
- ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাস ২৩ জানুয়ারি ২০১৭ তারিখ থেকে শুরু হবে।
- অসম্পূর্ণ, অনিয়মিত এবং অস্পষ্ট আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

#### গুরুত্বপূর্ণ তারিখ

আবেদনপত্র সংগ্রহ ও জমাদান	০৪ ডিসেম্বর ২০১৬ - ২৯ ডিসেম্বর ২০১৬
ভর্তি পরীক্ষা	০৯ জানুয়ারি ২০১৭
ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ	১৫ জানুয়ারি ২০১৭
ভর্তির তারিখ	১৬ জানুয়ারি ২০১৭ - ১৯ জানুয়ারি ২০১৭
ক্লাস শুরু	২৩ জানুয়ারি ২০১৭